# শরী‘আতের স্বয়ংসম্পূর্ণতা ও বিদ‘আতের ভয়াবহতা

বিভাগ/অধ্যায়ঃ পরিশিষ্ট

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## পরিশিষ্ট

আমি আমার মুসলিম ভাই যারা কিছু বিদ‘আতকে ভালো মনে করে থাকে, চাই বিদ‘আত আল্লাহর সত্ত্বার সাথে সম্পৃক্ত হোক বা নামের সাথে বা সিফাতের সাথে অথবা রাসূলুল্লাহর সম্মানের সাথে, তাদের প্রতি নসীহত করব, তারা যেন আল্লাহকে ভয় করে এবং যাবতীয় বিদ‘আত থেকে বিরত থাকে। আর তারা যেন তাদের যাবতীয় কর্মসমূহকে ইত্তেবার ওপর ভিত্তি করে আমল করে, বিদ‘আতের ওপর ভিত্তি করে নয় এবং তারা যেন তাদের যাবতীয় কর্মসমূহ ইখলাসের ওপর ভিত্তি করে আমল করে, শির্কের ওপর ভিত্তি করে নয়, সুন্নতের ওপর ভিত্তিতে করে আমল করে, বিদআতের ওপর ভিত্তি করে নয় এবং রহমানের মহব্বতের ওপর ভিত্তি করে, শয়তানের মহব্বতের ভিত্তিতে নয়। আর তারা যেন পরিণতির প্রতি লক্ষ্য করে, তাদের অন্তরে কি ধরনের প্রশান্তি, সজীবতা নিরাপত্তা, তৃপ্তি ও মহা নূর অর্জিত হয়।

আল্লাহর নিকট প্রার্থনা যে, তিনি যেন আমাদের হিদায়াতপ্রাপ্ত, হিদায়াতের মশালধারী এবং সংস্কারক ও তা নেতৃত্বদানকারী বানান। আর তিনি যেন, আমাদের অন্তরসমূহকে ঈমান ও ইলমের দ্বারা আলোকিত করেন। আর তিনি যেন আমাদের ইলমকে আমাদের জন্য বিপদের কারণ না বানান। আর আমি আরও প্রার্থনা করি যে, তিনি যেন আমাদেরকে তার মুমিন বান্দাদের পথে পরিচালনা করেন এবং তার মুত্তাকী ওলীদের অন্তর্ভুক্ত করেন এবং তার সফলকাম ও বিজয়ী দলের অন্তর্ভুক্ত করেন।

وصلى الله وسلم على نبينا محمد وعلى آله وصحبه أجمعين

Source — https://www.hadithbd.com/books/link/?id=10190

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন